গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ডিএফডিপি শাখা
www.rthd.gov.bd

নম্বর-৩৫.০০.০০০০.০২৯.০৭.০২৪.২৫-৯৩

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের Property Assessment and Valuation Committee (PAVC) ও Grievance Redress Committee (GRC) কমিটি গঠন সংক্রান্ত।

সূত্র : প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরের স্মারক নং-৩৫.০১.০০০০.০০০.০০০.০৬.০০০৩.২২.২, তারিখ : ০৮-০২-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত Resettlement Action Plan (RAP) অনুসারে Property Assessment and Valuation Committee (PAVC) ও Grievance Redress Committee (GRC) এর কার্যপরিধিসহ নিম্নবর্ণিত শর্তে কমিটিসমূহ নির্দেশক্রমে গঠন করা হলো।

০১. Property Assessment and Valuation Committee (PAVC) :

| | | |
|---|---|---|
| (১) | সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক (PM) | আহবায়ক |
| (২) | জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (৩) | প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত PIU এর প্রতিনিধি | সদস্য |
| (৪) | আঞ্চলিক ব্যবস্থাপক, RAP বাস্তবায়নকারী এনজিও | সদস্য সচিব |

কার্যপরিধি :

(ক) কমিটি প্রকল্পের রাইট অব ওয়ে এবং নতুন অধিগ্রহণের আওতায় অনুমোদিত RAP অনুসরনে কাঠামোবদ্ধ প্রশ্নমালা ব্যবহারপূর্বক প্লট-টু-প্লট ভিত্তিতে সরেজমিন জরিপ পরিচালনা করবে, যার মাধ্যমে টাইটেল হোল্ডার ও নন-টাইটেল হোল্ডার উভয় শ্রেণির ক্ষতিগ্রস্ত প্রকৃত ক্ষতির পরিমাণ নিরূপণ ও Entitled Persons (EPs) সনাক্ত করবে। জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণের যথাযথভাবে যাচাই এর ভিত্তিতে যৌথ জরিপ ফরম স্বাক্ষর করে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করবে;

(খ) প্রকল্পের বাস্তবায়নকারী বেসরকারি সংস্থা (INGO) কর্তৃক যৌথ জরিপ ফরমসমূহ প্রস্তুত করা হবে;

(গ) RAP বাস্তবায়নকারী NGO এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তর/সংস্থা যেমন-PWD, DAE, DOF এর সহায়তায় এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের অন্যান্য অনুরূপ প্রকল্পের অনুসরণে সকল প্রকার ক্ষয়ক্ষতির জন্য Replacement Value (RV) নির্ধারণ করবে;

(ঘ) পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) অনুযায়ী প্রতি একক ভিত্তিতে প্রতিস্থাপন মূল্য (RV) এবং প্রযোজ্য অন্যান্য পুনর্বাসন সহায়তা/অনুদান সংক্রান্ত সুপারিশ প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক এর নিকট পেশ করবে;

(ঙ) উক্ত কমিটির সভায় গৃহীত সকল সিদ্ধান্ত উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গৃহীত বলে গণ্য হইবে;

(চ) এই কমিটি প্রয়োজনবোধে প্রকল্প পরিচালক এর অনুমোদন সাপেক্ষে PWD, LGED, Department of forest ইত্যাদির প্রতিনিধিকে কমিটিতে co-opt করতে পারবে;

(ছ) উক্ত কার্যপরিধি বা উহার বাস্তবায়নে কোনো প্রকার অস্পষ্টতা, বিরোধ, অপর্যাপ্ততা কিংবা জটিলতার উদ্ভব হলে, প্রকল্প পরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

(জ) কমিটির কার্যক্রম অধিকতর কার্যকর ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনবোধে প্রকল্প পরিচালক উক্ত কার্যপরিধি প্রয়োজনীয় সংযোজন, সংশোধন বা পরিবর্তন আনয়ন করতে ক্ষমতাপ্রাপ্ত থাকবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর :

০২. Grievance Redress Committee (GRC) :

২.১ Field Level GRC :

| | | |
|---|---|---|
| (১) | সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক (EE, RHD) | আহবায়ক |
| (২) | সংশ্লিষ্ট উপ প্রকল্প ব্যবস্থাপক (SDE, RHD) অথবা প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি (যেমন প্রশাসক/ মেয়র বা ক্ষমতাপ্রাপ্ত কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ক্ষমতাপ্রাপ্ত ইউপি সদস্য) | সদস্য |
| (৪) | ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধি | সদস্য |
| (৫) | প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত Gender and Sexual Exploitation and Abuse (SEA)/Sexual Harassment (SH) Specialist | সদস্য ও মুখপাত্র (Focal Person), GBV/SEA/SH বিষয়ক GRC |
| (৬) | ঠিকাদারের প্রতিনিধি | সদস্য ও মুখপাত্র (Focal Person), labor health and safety বিষয়ক GRC |
| (৭) | স্থানীয় নারী কমিউনিটির প্রতিনিধি | সদস্য |
| (৮) | আঞ্চলিক ব্যবস্থাপক, RAP বাস্তবায়নকারী এনজিও | সদস্য সচিব |

কার্যপরিধি :

(ক) প্রকল্পের বিভিন্ন অংশীজনের কাছ থেকে প্রাপ্ত সামাজিক, পুনর্বাসন ও পরিবেশগত বিষয়ক অভিযোগসমূহ পর্যালোচনা, বিবেচনা ও নিষ্পত্তি করবে ;

(খ) আদালতে বিচারাধীন, ২০১৭ সালের Acquisition and Requisition of Immovable Property Act সংশ্লিষ্ট কোনো অভিযোগ কমিটির এখতিয়ার বহির্ভূত হওয়ায় তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করার পরামর্শ প্রদান করবে;

(গ) প্রকল্পের সাথে সম্পর্কিত নয় এমন অভিযোগগুলি GRC বিবেচনা করবে না তবে অভিযোগকারী ব্যক্তিকে কমিটির যুক্তি লিখিতভাবে অবহিত করবে;

(ঘ) কমিটির যে কোন সুপারিশ অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক এর নিকট পেশ করবে।

অভিযোগ নিষ্পত্তি করার পদ্ধতি :

(ক) GRC-তে উপস্থাপিত যে কোনো অভিযোগ আদর্শভাবে প্রথম শুনানির দিনেই নিষ্পত্তি করা হবে; তবে সর্বোচ্চ ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। জটিল বিষয়াদি বা অতিরিক্ত তদন্তের প্রয়োজন হলে দ্বিতীয় শুনানিতে অভিযোগ নিষ্পত্তি করা যেতে পারে।

(খ) GRC-র সিদ্ধান্ত আদর্শভাবে ঐকমত্যের মাধ্যমে গ্রহণ করা হবে; তা সম্ভব না হলে সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(গ) GRC-র গৃহীত যে কোনো সিদ্ধান্ত অবশ্যই প্রকল্পের পুনর্বাসন নীতিমালা কাঠামো, ESF এবং RAP-এর প্রাপ্যতা ও সুবিধাসমূহের আওতার মধ্যে হতে হবে।

(ঘ) SEA/SH/GBV বিষয়ক Focal Person উক্ত বিষয় সংশ্লিষ্ট সকল অভিযোগ গ্রহণ করবে। Focal Person (i) বিষয়টি যাচাই ও তদন্ত করবে, (ii) প্রয়োজনে ভুক্তভোগীকে সহায়তা প্রদান করবে-যার জন্য পুলিশ, মানসিক-সামাজিক কাউন্সেলিং প্রদানকারী যোগ্য এনজিও, SEA/SH ভুক্তভোগীদের চিকিৎসার জন্য বিশেষায়িত স্বাস্থ্য বিশেষজ্ঞ/প্রতিষ্ঠান ইত্যাদি বাহ্যিক উৎস থেকে সহায়তা গ্রহণ করা হবে, (iii) অভিযোগের সত্যতা যাচাই করবে, (iv) অভিযুক্ত ব্যক্তি অপরাধী হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং (v) সর্বশেষ GRC-র মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করবে।

(ঙ) GRC প্রকল্পের বিভিন্ন অংশীজনের কাছ থেকে প্রাপ্ত SEA/SH/GBV সংক্রান্ত অভিযোগসমূহ পর্যালোচনা, বিবেচনা ও নিষ্পত্তি করবে এবং গোপনীয়তা নিশ্চিত করবে, ভুক্তভোগীর অভিযোগের প্রতি মনোযোগ দেওয়া, তার অভিযোগ নিবন্ধন করা, ভুক্তভোগীকে আশ্বস্ত করা যে প্রতিকার পাওয়ার জন্য GRC উপযুক্ত স্থান।

(চ) GRC কেবল সেসব অভিযোগের বিষয়ে ব্যবস্থা নেবে যেখানে অভিযুক্ত ব্যক্তি ও ভুক্তভোগী উভয়ই প্রকল্পের কাজের সঙ্গে সংশ্লিষ্ট। অন্যান্য ক্ষেত্রে অভিযোগকারীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অভিযোগ দাখিলের জন্য পরামর্শ বা সহায়তা প্রদান করা হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর :

(ছ) Labor Health and Safety বিষয়ক Focal Person উক্ত বিষয় সংশ্লিষ্ট সকল অভিযোগ গ্রহণ করবে। Focal Person (i) বিষয়টি যাচাই ও তদন্ত করবে, (ii) দাখিলকৃত অভিযোগ অনুযায়ী মাঠপর্যায়ের অবস্থা যাচাই করে GRC-র জন্য একটি প্রতিবেদন প্রস্তুত করবে এবং (iii) GRC-র মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করবে ।

(জ) Field Level GRC-এর অমীমাংসিত সকল অভিযোগ Project Level GRC-তে প্রেরণ করতে হবে।

(ঝ) GRC সভা প্রকল্প ব্যবস্থাপকের কার্যালয়ে অথবা কমিটির সম্মতিসাপেক্ষে নির্ধারিত অন্য কোনো স্থানে অনুষ্ঠিত হবে।

(ঞ) অভিযোগ সংক্রান্ত যাবতীয় দলিলাদীর রেকর্ড ও সভার কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে।

২.২ Project Level GRC :

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত প্রকল্প পরিচালক (SE, RHD) (প্রধান পুনর্বাসন কর্মকর্তা) | আহবায়ক |
| (২) | সংশ্লিষ্ট লট এর প্রকল্প ব্যবস্থাপক (EE, RHD) | সদস্য |
| (৩) | টিম লিডার, RAP বাস্তবায়নকারী এনজিও | সদস্য |
| (৪) | প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত Gender and SEA/SH Specialist | সদস্য |
| (৫) | প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত পরামর্শক প্রতিষ্ঠান (PIC) এর প্রতিনিধি বা স্বতন্ত্র পরামর্শক | সদস্য |
| (৬) | উপ-প্রকল্প পরিচালক (EE, RHD) | সদস্য সচিব |

কার্যপরিধি :

(ক) Field Level GRC এর সিদ্ধান্তে অসন্তুষ্ট/সংক্ষুব্ধ ব্যক্তির আপিল পর্যালোচনা করবে ;

(খ) Field level GRC এর অমীমাংসিত অভিযোগ পর্যালোচনা, বিবেচনা এবং নিষ্পত্তি করবে ;

(গ) কমিটির সুপারিশমালা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক এর নিকট পেশ করবে।

আপিল/অভিযোগ নিষ্পত্তি করার পদ্ধতি :

(ক) সংক্ষুব্ধ ব্যক্তি যদি Field Level GRC এর সিদ্ধান্তে অসন্তুষ্ট হয়, তাহলে তিনি (সংক্ষুব্ধ ব্যক্তি) উক্ত সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে RAP বাস্তবায়নকারী এনজিও এর সহায়তায় Project Level GRC এর কাছে আপিল করতে পারবে।

(খ) Project Level GRC আপিল পর্যালোচনা করবে এবং আপিল প্রাপ্তির ০১ মাসের মধ্যে কমিটির সুপারিশ অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক এর নিকট পেশ করবে। প্রকল্প পরিচালক কর্তৃক অনুমোদিত সিদ্ধান্ত অবশ্যই চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

(গ) জটিল বিষয়/অভিযোগের ক্ষেত্রে, Project Level GRC সদস্যরা Field Level GRC এর নিকট হতে অতিরিক্ত তথ্য চাইতে পারবে অথবা মাঠ পর্যায়ে যাচাই কার্যক্রম পরিচালনা করতে পারবে।

(ঘ) কমিটির সিদ্ধান্ত সদস্যদের ঐকমত্যের ভিত্তিতে গ্রহণ করা হবে; ঐকমত্যে পৌঁছানো সম্ভব না হলে সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে।

(ঙ) Project Level GRC কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত পুনর্বাসন নীতিমালা কাঠামো, পরিবেশ ও সামাজিক কাঠামো এবং পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) অনুযায়ী প্রাপ্য সুবিধার আওতার মধ্যেই হতে হবে; এবং

(চ) বাংলাদেশের আদালতে বিচারাধীন, ২০১৭ সালের Acquisition and Requisition of Immovable Property Act সংশ্লিষ্ট কোনো অভিযোগ কমিটির এখতিয়ার বহির্ভূত হওয়ায় তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করার পরামর্শ প্রদান করবে।

শর্তসমূহ :

১) পুনর্বাসন বাজেটের জন্য মূল্য তালিকা প্রণয়নকালে PAVC কমিটির প্রতিটি সদস্যের বিভিন্ন অঙ্গের পরিমাণ যথাযথভাবে নির্ধারণ করা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র [নাম/পদবী/ঠিকানা/আইডি (প্রযোজ্য ক্ষেত্রে)/মোবাইল নম্বর] সন্নিবেশিত করতে হবে; এবং

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পুর্ব পৃষ্ঠার পর :

২) পুনর্বাসনের অগ্রিম অর্থ পরিশোধ পরিহার করে সরকারি অনুমোদিত বাজেটের বিপরীতে সঙ্কুলানকৃত অর্থ যৌথ একাউন্টে হস্তান্তর করতে হবে এবং সরকারের যাবতীয় বিধি বিধান ও নিয়মনীতি প্রতিপালনপূর্বক ব্যয় করতে হবে।

০২/০৪/২০২৬

জাহিদুল ইসলাম
উপসচিব

ফোন : ৫৫১০১৩৪২

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৩. প্রকল্প পরিচালক, "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন" প্রকল্প, বনানী, ঢাকা
০৪. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ